



একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত  
**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**  
৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩.৪৬

তারিখ: ১৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ এপ্রিল, ২০২৩খ্রি.

### বিজ্ঞপ্তি


বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-ফরেন্সি, ডিপ্লোমা-ইন-লাইভস্টক, এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল), ডিপ্লোমা ইন কমার্স এবং সার্টিফিকেট ইন মেরিন ট্রেড কোর্স শিক্ষাক্রমের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তিকৃত শিক্ষার্থীদের নিয়ে উল্লিখিত তথ্য মোতাবেক কার্যস্পাদনের জন্য অনুরোধ করা হলো:

০১। Blank form Application এ ভর্তিকৃত শিক্ষার্থীর মূল নম্বরপত্র আগামী ০২-০৮ মে, ২০২৩খ্রি. তারিখের মধ্যে বোর্ডের ২নং ভবনের ৭০১ নম্বর রুমে জনাব রূপক কান্তি বিশ্বাস, কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা) এর নিকট প্রদর্শন করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে।

০২। সকল শিক্ষাক্রমের শিক্ষার্থীদের ছবি সংশোধন (পূর্বের আপলোডকৃত ছবি সংশোধনের প্রয়োজন হলে) এবং এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রমের শিক্ষার্থীদের ৪র্থ বিষয় সংযোজন (পূর্বে ৪র্থ বিষয় সংযোজন না করে থাকলে) আগামী ০২-০৮ মে, ২০২৩খ্রি. তারিখের মধ্যে অনলাইনের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

০৩। কলেজ লগইন করে Duplicate/Multiple Admitted List (Year 2022-2023) বাটনে প্রাপ্ত শিক্ষার্থীদের শুধুমাত্র অনলাইনে ০২-০৮ মে, ২০২৩খ্রি. তারিখের মধ্যে টিক চিহ্ন (✓) দিয়ে Submit করতে হবে। এক্ষেত্রে অবশ্যই মূল নম্বরপত্র থাকা সাপেক্ষে টিক চিহ্ন (✓) দিতে হবে। অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। কলেজ লগইন করে Duplicate/Multiple Admitted List (Previous Year) বাটনে প্রাপ্ত শিক্ষার্থীদের মূল রেজিস্ট্রেশন কার্ডসহ প্রয়োজনীয় ডকুমেন্টস নিয়ে বোর্ডের রেজিস্ট্রেশন শাখা (০২ নং ভবনের ৫ম তলা) হতে ০২-০৮ মে, ২০২৩খ্রি. তারিখের মধ্যে বাতিল করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে।


  
প্রকৌশলী মো: রকিব উল্লাহ  
পরিচালক (কারিকুলাম)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩.৪৬(০৮)

তারিখ: ২৭/০৪/২০২৩ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/ বিএমইটি, ঢাকা।
- ০৩। পরিচালক, আইআইসিটি, বুয়েট।
- ০৪। সচিব/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ।
- ০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৮। নথি।

  
প্রকৌ. মোঃ ফারুক রেজা  
কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোক:)  
ভর্তি শাখার দায়িত্বপ্রাপ্ত  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।